

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬০৪

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل)

পরিচ্ছেদঃ ৯) নিদ্রার আগে যে দুআ পড়তে হয় তার প্রতি উৎসাহ দান এবং আল্লাহর যিকির না করে কেউ ঘুমিয়ে পড়লে কি করতে হবে তার বর্ণনা

الترغيب في كلمات يقولهن حين يأوي إلى فراشه وما جاء فيمن نام ولم يذكر الله تعالى

আরবী

(صحيح) قلت: ولفظ الشيخين في حديث علي المذكور في الضعيف عن أبي ليلى: حَدَّثَنَا عَلِيٌّ أَنَّ فَاطِمَةَ اشْتَكَتْ مَا تَلْقَى مِنْ الرَّحَى فِي يَدِهَا وَأَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَبْيٌ فَانْطَلَقَتْ فَلَمْ تَجِدْهُ وَلَقِيَتْ عَائِشَةَ فَأَخْبَرَتْهَا فَلَمَّا جَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْنَا وَقَدْ وَسَلَّمَ أَخْبَرَتْهُ عَائِشَةُ بِمَجِيءِ فَاطِمَةَ إِلَيْهَا فَجَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْنَا وَقَدْ وَسَلَّمَ أَخْبُرَتُهُ عَائِشَةُ بِمَجِيءِ فَاطِمَةَ إِلَيْهَا فَجَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى مَكَانِكُمَا فَقَعَدَ بَيْنَنَا أَخُذْنَا مَضَاجِعَنَا فَذَهَبْنَا نَقُومُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى مَكَانِكُمَا فَقَعَدَ بَيْنَنَا حَتَّى وَجَدْتُ بَرْدَ قَدَمِهِ عَلَى صَدْرِي ثُمَّ قَالَ كَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى مَكَانِكُمَا فَقَعَدَ بَيْنَنَا وَتَكْرِينَ فَهُو خَيْرٌ لَكُما أَنْ تُكَبِّرًا اللَّهَ أَرْبُعًا وَتَلَاثِينَ وَتَحْمَدَاهُ ثَلَاتًا وَتَلَاثِينَ فَهُو خَيْرٌ لَكُمَا مِنْ خَادِم

বাংলা

৬০৪. (সহীহ) ইবনে আবী লায়লা থেকে বর্ণিত, তিনি বলেন আলী (রাঃ) আমাদের কাছে হাদীছ বর্ণনা করেছেনঃ যাঁতা টানার কারণে ফাতিমা (রাঃ) এর হাত ব্যথিত হয়ে গিয়েছিল। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যুদ্ধ বন্দী কিছু দাসী লাভ করলেন। তখন ফাতিমা নবীজীর কাছে গেলেন কিন্তু তাঁকে পেলেন না। আয়েশা (রাঃ) কে পেয়ে তাঁর আগমণের উদ্দেশ্য বর্ণনা করলেন। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এলে আয়েশা (রাঃ) ফাতিমার আগমণ সম্পর্কে তাঁকে বললেন। তখন নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের নিকট আগমণ করলেন। তখন আমরা শুয়ে পড়েছিলাম। তাঁকে দেখে আমরা উঠতে চাইলাম। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, শুয়ে থাক। তিনি আমাদের দু'জনের মধ্যবর্তী স্থানে বসে পড়লেন এমনকি তাঁর পায়ের ঠান্ডা আমার সিনায় অনুভব করলাম। তারপর তিনি বললেনঃ

''তোমরা যা চেয়েছো আমি কি তোমাদেরকে তার চেয়ে উত্তম কিছু শিখিয়ে দিব না? তোমরা যখন শয্যা গ্রহণ করবে তখন ৩৪ বার আল্লাহু আকবার পাঠ করবে, ৩৩ বার সুবহানাল্লাহ্ পাঠ করবে এবং ৩৩ বার



আলহামদুলিল্লাহ্ পাঠ করবে। এগুলো তোমাদের জন্য একজন খাদেমের চেয়ে উত্তম।" (হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৬৩১ ও মুসলিম ২৭২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ইবনু আবূ লায়লাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন